

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ
সার্ক শাখা
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৩১২.৩৭.০১৬.১৭/৯০৩

তারিখঃ ০৫ মে ২০১৯

প্রেরক : তন্ময় মজুমদার
সিনিয়র সহকারী সচিব (সার্ক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ শামছুল হক
মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ২১ মে ২০১৯ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য সাউথ এশিয়ান বিশ্ববিদ্যালয় (South Asian University)- এর গভর্নিং বোর্ড- এর ১১ তম সভায় উক্ত গভর্নিং বোর্ডের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোঃ শামছুল হক, মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২১ মে ২০১৯ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য সাউথ এশিয়ান বিশ্ববিদ্যালয় (South Asian University)- এর গভর্নিং বোর্ড- এর ১১ তম সভায় উক্ত গভর্নিং বোর্ডের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোঃ শামছুল হক, মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবে:

- উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- আলোচ্য সভায় যোগদানের যাবতীয় খরচ (বিমান ভাড়া ও স্থানীয় আতিথেয়তা) আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে, তবে অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি বিধি মোতাবেক পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের সার্ক অনুবিভাগের “সার্কের অন্যান্য কর্মসূচীর জন্য বরাদ্দ-১১৮০১০১-১২০০০৪৮০০-৩৬৩১১৯৯” উপখাত হতে মেটানো হবে;
- উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২০ মে ২০১৯ বা তার নিকটবর্তী তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং ২২ মে ২০১৯ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



তন্ময় মজুমদার
সিনিয়র সহকারী সচিব (সার্ক)
ফোনঃ ৯৫৫৬৩২৭

নং- ১৯.০০.০০০০.৩১২.৩৭.০১৬.১৭/৯০৩

তারিখঃ ০৫ মে ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক (প্রশাসন/সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৬। বাংলাদেশ হাই-কমিশন, নয়াদিল্লী।
- ০৭। অফিস কপি।



তন্ময় মজুমদার
সিনিয়র সহকারী সচিব (সার্ক)
ফোনঃ ৯৫৫৬৩২৭